

LEP Publication No. 01

## ভেটেরিনারী ক্লিনিশিয়ান গাইড

[Samad MA (1986). Veterinary Clinician Guide]



●প্রথম প্রকাশ : সেপ্টেম্বর ১৯৮৬ / ভাদ্র ১৩৯৩

●চিত্র অংকন : মাহফুজা বুলবুল

●মুদ্রণে : পাইওনীর প্রিন্টিং এন্ড প্যাকেজিং, ময়মনসিংহ।

●মূল্য : ৯৫.০ টাকা / কপি

●ভাষা : বাংলা

●লিрик-এপিক প্রকাশনী, ময়মনসিংহ।

●পৃষ্ঠা সংখ্যা : ২০০

●স্টক : নাই

# ভেটেরিনারি ক্লিনিশিয়ান গাইড

[প্রথম প্রকাশ : সেপ্টেম্বর ১৯৮৬ / ভদ্র ১৩৯৩]

## প্রথম সংস্করণের কথা

সুস্থ কর্মক্ষম জীবন সব মানুষের কাম্য। সেজন্য প্রয়োজন যথেষ্ট পরিমাণ পুষ্টিকর শক্তিদার খাদ্য। এসব খাদ্যের মূল উৎসই হ'ল দেশের পশু সম্পদ ও হাঁস মুরগি। আমাদের দেশের ন্যায় কৃষি প্রধান দেশে কৃষি কাজের জন্যও বিভিন্ন পশুর প্রয়োজন অনস্বীকার্য। সুতরাং হাঁস মুরগি ও পশু সম্পদ যে কোন দেশের অতি মূল্যবান সম্পদ তা বলাই বাহুল্য। কিন্তু আমাদের দেশে পশু সম্পদের উৎপাদনের হার আশাব্যঞ্জনক নয়। বর্তমানে আমাদের দেশে যে সংখ্যক গবাদিপশু ও হাঁস মুরগি রয়েছে তা চাহিদার তুলনায় নেহাৎ কমই শুধু নয় এদের অধিকাংশ রুগ্ন, দুর্বল এবং উৎপাদনে প্রায় অক্ষম। অস্বীকার করার উপায় নেই এরই ফলশ্রুতিতে এদেশের অধিকাংশ মানুষ অপুষ্টির শিকার- হারাচ্ছে কর্মক্ষমতা- বাড়ছে রোগ ব্যাধি।

এই কথা আর কারো অজানা নেই যে, বিভিন্ন রোগ ব্যাধি আমাদের দেশে পশু পাখির সংরক্ষণ ও উন্নয়নের পথে এক বিরাট বাধা হয়ে উদ্ভূত সমস্যার সৃষ্টি করেছে। এই সমস্যা নিরসনে প্রয়োজন সম্মিলিত সচেতন প্রয়াস। আমাদের গৃহপালিত পশু পাখির বিভিন্ন রোগ ও তার প্রতিকার সম্পর্কে যদি সাধারণ জ্ঞানটুকুও আমাদের থাকে তবে আমরা পুষ্টির এই ভয়াবহ সংকট হয়তো কাটিয়ে উঠবো। এই লক্ষ্যকে সামনে রেখে 'ভেটেরিনারি ক্লিনিশিয়ান গাইড' মূলত যথাসাধ্য সহজ করে সবার জন্য লেখা।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের ডি.ভি.এম পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত ক্লিনিকস বিষয়সমূহের উপর সুনির্দিষ্ট বইয়ের অভাব প্রত্যক্ষ করে এবং ভেটেরিনারি মেডিসিনের স্নাতক ও স্নাতকোত্তর সিলেবাস অনুসারে সহজ ও সংক্ষিপ্ত ভাবে লেখা এই বইটি সহজে বুঝতে ও মনে রাখতে সাধারণ ছাত্র ছাত্রীদের সহায়ক হবে।

বাংলাদেশের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত পশু চিকিৎসকগণ যারা চিকিৎসা ক্ষেত্রে প্রায়শঃ অসুবিধার সম্মুখীন হচ্ছেন অথবা সদ্য পাশ করে কর্মজীবনে পদার্পন করছেন তাদের সহায়তা দানও 'ভেটেরিনারি ক্লিনিশিয়ান গাইড' এর উদ্দেশ্য। সেই সাথে পশু পাখির রোগ সম্পর্কিত জ্ঞান অর্জন করতে সমর্থ হবেন।

বাংলাদেশে পশু চিকিৎসা ও যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে স্বল্প মেয়াদি প্রশিক্ষণ দিয়ে যাদের কম্পাউন্ডার ও পশু পালনকর্মী তৈরি করা হচ্ছে বইটি যাতে তাদেরও উপযুক্ত হয় সে চেষ্টাও করা হয়েছে।

বইটিতে পশু পাখির প্রায় সব ধরনের রোগের উপসর্গ কারণসহ বর্ণনা, রোগ নির্ণয়, চিকিৎসা ও প্রতিরোধ ছাড়াও সন্নিবেশিত হয়েছে ব্যবস্থাপত্রসহ বাংলাদেশে পশু পাখির চিকিৎসায় ব্যবহারযোগ্য সহজলভ্য সকল ঔষধের নাম। সুতরাং এই বইটি থেকে পশু চিকিৎসার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিই শুধু নয়, উপকৃত হবে ঔষধ প্রস্তুতকারক বিভিন্ন কোম্পানি, ঔষধ আমদানীকারক, এরজেন্ট ও ঔষধ বিক্রেতা।

বইটির জন্য প্রেরণা, পরামর্শ জুগিয়ে এবং চিত্র ঐকে সর্বতোভাবে সাহায্য করেছে আমার সহধর্মিনী মাহফুজা বুলবুল। সেই সাথে আমি কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি আমার সকল শুভাকাঙ্ক্ষী শিক্ষক, ভেটেরিনারিয়ান, সহকর্মী ও ছাত্র ছাত্রীদের যাদের উৎসাহে ও প্রেরণায় বইটি লিখতে উদ্বুদ্ধ হই। বইটির উন্নতিকল্পে উপদেশ ও অভিমত সাদরে গৃহীত হবে।

সেপ্টেম্বর ১৯৮৬

ড. এম. এ. সামাদ  
লেখক

# ভেটেরিনারি ক্লিনিশিয়ান গাইড

[প্রথম প্রকাশ : সেপ্টেম্বর ১৯৮৬ / ভদ্র ১৩৯৩]

## সূচীপত্র

- রোগ নির্ণয় ও চিকিৎসা পদ্ধতি ০১
- শ্বাস তন্ত্রের রোগসমূহ ৫০
- স্নায়ু তন্ত্রের রোগসমূহ ৫৭
- মূত্র যন্ত্রের রোগসমূহ ৬৬
- প্রসবতন্ত্র ও জনন তন্ত্রের রোগসমূহ ৭৩
- মাইকোপ্লাজমা দ্বারা সৃষ্ট রোগসমূহ ১১৫
- রিকেটশিয়া দ্বারা সৃষ্ট রোগসমূহ ১১৭
- ভাইরাস জনিত রোগসমূহ ১২০
- প্রোটোজোয়ান রোগসমূহ ১৫৬
- বিপাকীয় রোগসমূহ ১৭৮
- পশুর ভিটামিন অভাব জনিত রোগসমূহ ১৯১
- হাঁস-মুরগির রোগসমূহ ২০০
- অন্যান্য রোগসমূহ ২১৪
- ক্লিনিক্যাল ফার্মাসী ২২০
- ব্যবস্থাপত্র ২২৮
- পশু-পাখির রোগের চিকিৎসায় ঔষধসমূহ ২৪০
- পশু পাখির জোলোজিখ্যাল নাম ২৬৯
- পৌষ্টিক তন্ত্রের রোগসমূহ ৪০
- পেশী, অস্থি ও অস্থিসংযোজনের রোগসমূহ ৫৫
- ত্বকের রোগসমূহ ৫৯
- চোখ ও কানের রোগসমূহ ৭০
- ব্যাকটেরিয়া জনিত রোগসমূহ ৮৪
- ক্লামাইডিয়া দ্বারা সৃষ্ট রোগসমূহ ১১৬
- ছত্রাক দ্বারা সৃষ্ট রোগসমূহ ১১৮
- পরজীবী দ্বারা সৃষ্ট রোগসমূহ ১৩১
- বাহ্যপরজীবী জনিত রোগসমূহ ১৭১
- পুষ্টিহীনতা বা পুষ্টির অভাব জনিত রোগ ১৮৫
- বিষক্রিয়া জনিত রোগসমূহ ১৯২
- হাঁস-মুরগির অপুষ্টি জনিত রোগ ২১২
- বাংলাদেশে প্রস্তুতকৃত পশু-পাখির বিভিন্ন রোগের টিকা ২১৬
- বিবিধ ২৩৯
- ঔষধের মিথক্রিয়া সতর্কতা ২৬৮
- গৃহপালিত পশু পাখির জাতের নাম ২৬৯